অধ্যায় ০২

আমরা সবাই মানুষ

আলোচ্য বিষয়

- মিলেমিশে থাকা
- ছেলে মেয়ে সবাই সমান

অধ্যায়ের মূলকথা

আমরা সমাজে বসবাস করি। সমাজে আমাদের পরিবারের মতো আরও অনেক পরিবার মিলেমিশে বসবাস করে। সমাজে বসবাসরত মানুষের প্রত্যেকের রয়েছে ভিন্ন ভিন্ন পেশা, ধর্ম এবং গোত্র। আবার সমাজে কিছু বিশেষ চাহিদাসম্পন্ন মানুষ রয়েছে। সমাজে মিলেমিশে বসবাসের জন্য তাই আমাদের সকলের প্রতি সম্মান, ভালোবাসা ও সহযোগিতার মনোভাব রাখা একান্ত প্রয়োজন। পরিবারে আমরা ছেলে ও মেয়ে একত্রে বসবাস করি। পরিবারে সকলের অধিকার সমান। কোনো বিষয়ে ছেলে ও মেয়ে বৈষম্য না করে সকলের প্রতি সমান মনোভাব তৈরির মাধ্যমে সমাজে সমতা তৈরি হয়। ফলে পরিবার ও দেশের উন্নতি হয়।



শ্রেণিভিত্তিক অর্জনোপযোগী যোগ্যতা

- সমাজের সকলের সাথে সম্প্রীতি ও শান্তিপূর্ণ সহাবস্থানের গুরুত্ব উপলব্ধি করে সকলের প্রতি শ্রদ্ধাশীল হওয়া।
- পারিপার্শ্বিক পরিবেশের বিভিন্ন কর্মকাণ্ডে জেন্ডার সমতা ও নিরপেক্ষতার দৃষ্টিভঙ্গি অর্জন করা।

অধ্যায়ের শিখনফল

- সমাজের সদস্যদের মধ্যে বিদ্যমান বিভিন্নতা চিহ্নিত করতে পারবে।
- সমাজের সদস্যদের মধ্যে সম্প্রীতি রক্ষার উপায় ব্যাখ্যা করতে পারবে।
- বিভিন্নতা বিবেচনা করে সমাজের সদস্যদের প্রতি শ্রদ্ধাশীল আচরণ প্রদর্শন করতে পারবে।
- সকল কর্মকাণ্ডে ছেলে ও মেয়েদের সমতাভিত্তিক অংশগ্রহণের গুরুত্ব ব্যাখ্যা করতে পারবে।
- জেন্ডার নিরপেক্ষ দৃষ্টিভঙ্গিতে ছেলেমেয়ে বিভিন্ন কর্মকাণ্ডে অংশগ্রহণে সচেষ্ট হবে।

ধারাবাহিক মূল্যায়ন

পাঠ্যবই ও শিক্ষক সহায়িকার সূত্র সংবলিত

পাঠ্যবইয়ের অ্যাক্টিভিটি (একক ও দলীয় কাজ) — বুঝে পড়ি ও ভালোভাবে শিখে নিই

পাঠ ১ মিলেমিশে থাকা

▸ পাঠ্যবই, পৃষ্ঠা ১০

দলগত কাজ (ক) ছবিগুলো পর্যবেক্ষণ করে তার আলোকে সমাজের সদস্যদের বিভিন্নতা নিচের ঘরে লিখি— ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ১১



সমাজের বিভিন্ন পেশা

ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ও বাঙালি

বিশেষ চাহিদাসম্পন্ন ব্যক্তি



বিভিন্ন ধর্মাবলম্বীর জনগোষ্ঠী



উত্তর : তোমাদের বোঝার সুবিধার্থে নিচে একটি নমুনা ঘর পূরণ করে দেওয়া হলো—



একক কাজ (খ) বাম পাশের বাক্যাংশের সাথে ডান পাশের বাক্যাংশের মিল করি– ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ১২

ক	আমাদের সমাজে আমরা ধনী-দরিদ্র	ক	বন্ধুদের সাথে আনন্দে মেতে ওঠে
খ	বাংলাদেশে বাঙালি এবং বিভিন্ন	খ	আমাদের সবাইকে শ্রদ্ধা করতে হবে
গ	মিলেমিশে থাকতে হলে	গ	একসাথে বাস করি
ঘ	বিভিন্ন উৎসবে শিশুরা	ঘ	ক্ষুদ্র নৃ-গোষ্ঠী বাস করে

উত্তর : তোমাদের বোঝার সুবিধার্থে নিচে একটি নমুনা উত্তর করে দেওয়া হলো–

ক. আমাদের সমাজে আমরা ধনী-দরিদ্র একসাথে বাস করি।
খ. বাংলাদেশে বাঙালি এবং বিভিন্ন ক্ষুদ্র নৃ-গোষ্ঠী বাস করে।
গ. মিলেমিশে থাকতে হলে আমাদের সবাইকে শ্রদ্ধা করতে হবে।
ঘ. বিভিন্ন উৎসবে শিশুরা বন্ধুদের সাথে আনন্দে মেতে ওঠে।

জোড়ায় কাজ (গ) পড়ি ও সম্প্রীতি রক্ষার উপায়সমূহের তালিকা তৈরি করি– ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ১২

ক্রমিক নং	সম্প্রীতি রক্ষার উপায়
১.	বিভিন্ন অনুষ্ঠানে অংশগ্রহণ করে।

উত্তর : নিচে একটি নমুনা তালিকা করে দেওয়া হলো-

ক্রমিক নং	সম্প্রীতি রক্ষার উপায়
১.	বিভিন্ন অনুষ্ঠানে অংশগ্রহণ করে।
২.	অন্যের বিপদে সাহায্য করে।
৩.	সামাজিক ও ধর্মীয় অনুষ্ঠানে শুভেচ্ছা জানিয়ে।
৪.	পরস্পরের কৃষ্টি কালচারকে শ্রদ্ধা করে।
৫.	সমবয়সীদের সাথে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক বজায় রেখে।

একক কাজ (ঘ) নিচের বাক্যগুলো পড়ি, কোন কাজগুলো করব ও কোনগুলো করব না তা শ্রেণিকরণ করি এবং সংশ্লিষ্ট নম্বরগুলো ছকে লিখি– ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ১৩

নির্দেশনা : পাঠ্যবই পৃষ্ঠা ১৩ পড়বে। তারপর বাক্যগুলো পড়বে ও বইয়ের নির্দেশিত ছকে শ্রেণিকরণ করবে ও ছকে নম্বরগুলো লিখবে।

উত্তর : তোমাদের বোঝার সুবিধার্থে একটি নমুনা ছক করে দেওয়া হলো–

আমি যে কাজগুলো করব	আমি যে কাজগুলো করব না।
ইহান একজন একজন বয়স্ক লোককে রাস্তা পার হতে সহায়তা করছে।	একজন সহপাঠী পড়ে গেছে, রনি পাশ দিয়ে হেঁটে চলে গেল।
পরেশ তার সহপাঠীকে হুইল চেয়ারে নিয়ে যেতে সহায়তা করছে।	কোনো একজন শিক্ষার্থীকে সহপাঠীরা তাদের সাথে খেলতে নেয় না।
আরিশা তার শিক্ষককে সালাম দিচ্ছে।	অনেক সময় কেউ কেউ সহপাঠীদেরকে ব্যঙ্গ করে।
মেহেদী, রিদিশা, সুবল, কেয়া মিলে বন্ধু পুলক চাকমার জন্মদিন উদযাপন করছে।	
নাজিফা একজন ক্ষুধার্ত ব্যক্তিকে খাবার দিচ্ছে।	

পাঠ ২ ছেলে মেয়ে সবাই সমান ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ১৫

একক কাজ (ক) ছবিগুলো পর্যবেক্ষণ করি, কোন কাজ ছেলেরা ও কোন কাজ মেয়েরা করছে তা নিচের ছকে লিখি– ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ১৫



ছবি-১

ছবি-২

ছবি-৩



ছবি-৪

ছবি-৫

ছেলে	মেয়ে
১.	১.
২.	২.
৩.	৩.
৪.	৪.

নির্দেশনা : প্রথমে ছবিগুলো ভালোভাবে পর্যবেক্ষণ করে ছকে লিখবে।

উত্তর : তোমাদের বোঝার সুবিধার্থে নিচে একটি নমুনা ছক করে দেওয়া হলো–

ছেলে	মেয়ে
১. গরুকে খাবার দিচ্ছে।	১. গরুর দুধ দোহাচ্ছে।
২. লেখাপড়া করছে।	২. মুরগির খাবার দিচ্ছে।
৩. থালাবাসন ধুচ্ছে।	৩. তরকারি কাটছে।
৪. বোনের সাথে মিলে বিছানা ঠিক করছে।	৪. বাবা ও ভাইকে কাজে সাহায্য করছে।

জোড়ায় কাজ (খ) ছবিগুলোর আলোকে কোন কাজ ছেলে ও মেয়ে উভয়ে করতে পারে তা নিচের ছকে লিখি–

▸ পাঠ্যবই, পৃষ্ঠা ১৫

উভয়েই করতে পারে
১.
২.
৩.
৪.

নির্দেশনা : ছবিগুলো দেখে ছেলে ও মেয়ে উভয়ই করতে পারে এমন তালিকা তৈরি করবে।

উত্তর : তোমাদের বোঝার সুবিধার্থে নিচে একটি নমুনা উত্তর করে দেওয়া হলো–

ছেলে ও মেয়ে উভয়েই করতে পারে–

১. বিছানা গোছানো।
২. গাছের পরিচর্যা।
৩. গৃহস্থালির কাজ।
৪. গৃহপালিত পশুপাখির পরিচর্যা।

একক কাজ (গ) পরিবার-১ ও পরিবার-২ সম্পর্কে পড়ি, কোন পরিবারে কে কী করছে তা বের করি। কোন পরিবার বেশি ভালো আছে এবং কেন তা লিখি— ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ১৬

পরিবার-১

সালাম মিয়া একজন কৃষক। মেহেদী ও তিশা তার দুজন সন্তান। দুজনেই স্কুলে পড়ে। তিশা মাকে ঘর গোছানোর কাজে ও মেহেদী বাবার কাজে সহায়তা করে। আবার মেহেদী যখন মাকে সহায়তা করে তিশা তখন বাবাকে হাঁস-মুরগির যত্ন নেওয়া, গরু-ছাগল লালন-পালন, রান্নায় মাকে সহায়তা সবকিছুই দুজনে মিলে করে। মা-বাবার কষ্ট অনেক কম হয়। পরিবারের সকল কাজ সহজেই হয়ে যায়। ফলে দুই ভাইবোন আনন্দের সাথে কাজগুলো করে। এতে ওদের পড়াশোনারও অসুবিধা হয় না।

পরিবার-২

হাসান আলী কৃষিকাজ করেন। তার দুটি সন্তান। রনি ও সানজারা। দুজনেই স্কুলে পড়ে। সানজারা মাকে নানা কাজে সাহায্য করলেও রনি করে না। রনি মনে করে ওগুলো শুধু মেয়েদেরই কাজ। রনি যখন বাড়িতে থাকে তখন শুধু খেলাধুলা করে। বাবার কাজেও সাহায্য করে না। সানজারা একা মা ও বাবাকে সবসময় সাহায্য করতে পারে না। মা-বাবা দুজনকেই অনেক পরিশ্রম করতে হয়। পরিবারের কাজও সহজে হয় না। রনির চেয়ে সানজারাকে বেশি কাজ করতে হয়। তাতে সানজারার লেখাপড়ার অসুবিধা হয়।

নির্দেশনা : পরিবার-১ ও পরিবার-২ সম্পর্কে ভালোভাবে পাঠ করে প্রশ্নগুলোর উত্তর দিবে।

উত্তর : নিচে একটি নমুনা উত্তর করে দেওয়া হলো—

পরিবার-১

কে কী করছে?

১. তিশা মাকে ঘর গোছানোর কাজে সহায়তা করে।
২. মেহেদী বাবার কাজে সহায়তা করে।
৩. মেহেদী ও তিশা দুজনেই স্কুলে যায়।
৪. তাদের বাবা সালাম মিয়া কৃষিকাজ করেন।

পরিবার-২

কে কী করছে?

১. হাসান আলী কৃষিকাজ করেন।
২. হাসান আলীর দুই সন্তান রনি ও সানজারা স্কুলে যায়।
৩. সানজারা বাবা-মাকে ঘরের কাজে সাহায্য করলেও রনি সাহায্য করে না।
৪. রনি বাড়িতে থাকলে শুধু খেলাধুলা করে।

কোন পরিবার বেশি ভালো আছে এবং কেন?

পরিবার-১ বেশি ভালো আছে। কারণ ঐ পরিবারের দুই সন্তান স্কুলে যাওয়ার পাশাপাশি বাবা-মাকে সংসারের বিভিন্ন কাজে সাহায্য করে। এতে বাবা-মায়ের কষ্ট অনেক কম হয়। দুই ভাই-বোন আনন্দের সাথে হাঁস-মুরগির যত্ন নেওয়া, গরু-ছাগল পালন এবং রান্নায় তাদের পিতা-মাতাকে সাহায্য করে। ফলে পরিবারের সকল কাজ সহজেই হয়ে যায়। এতে তাদের লেখাপড়ার ক্ষতি হয় না।

অপরপক্ষে, পরিবার-২ এ হাসান আলীর দুই সন্তানও স্কুলে যায়। কিন্তু সানজারা সংসারের কাজে সাহায্য করলেও রনি তা করে না। শুধু খেলাধুলা করে। ফলে তাদের পরিবারের কাজও সহজে হয় না। সুতরাং পরিবার-১ বেশি ভালো আছে।

একক কাজ (ঘ) নিচের কথাগুলো পড়ি, যে কথাগুলো সঠিক তার পাশে টিক চিহ্ন (√) ও যে কথাগুলো সঠিক নয় তার পাশে ক্রসচিহ্ন (×) দিই এবং এগুলোর মধ্যে আমি কোনগুলো করব তা নিচে লিখি— ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ১৭

উত্তর : আমি যা করব, তা নিচে উল্লেখ করা হলো-

১. নিজের বিছানা নিজে গুছাব।
২. বাবা ও মাকে ঘরের কাজে সাহায্য করব।
৩. বাবা ও মায়ের কাছে অতিরিক্ত আবদার করব না।
৪. বাবা ও মায়ের কথা মেনে চলব।

শিক্ষক সহায়িকা অনুসরণে অতিরিক্ত অ্যাক্টিভিটি — আরও শিখে নিই

পাঠ ১ মিলেমিশে থাকা

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

একক কাজ নিচের কবিতাটির মূলভাব লেখ।

আমাদের গ্রাম

বন্দে আলী মিঞা

আমাদের ছোটো গাঁয়ে ছোটো ছোটো ঘর,
থাকি সেথা সবে মিলে নাহি কেহ পর।
পাড়ার সকল ছেলে মোরা ভাই ভাই,
একসাথে খেলি আর পাঠশালে যাই,
হিংসা ও মারামারি কভু নাহি করি,
পিতামাতা গুরুজনে সদা মোরা ডরি।।
আমাদের ছোটো গ্রাম মায়ের সমান,
আলো দিয়ে বায়ু দিয়ে বাঁচাইছে প্রাণ।
মাঠভরা ধান আর জলভরা দিঘি,
চাঁদের কিরণ লেগে করে ঝিকিমিকি।
আমগাছ জামগাছ, বাঁশঝাড় যেন
মিলেমিছে আছে ওরা আত্মীয় হেন।

কবিতাটির মূলভাব : আমাদের গ্রাম কবিতাটিতে গ্রামের রূপের বৈচিত্র্য ও মানুষের মধ্যে পারস্পরিক সহযোগিতার চিত্র ফুটে উঠেছে। গ্রামের ঘরগুলো ছোটো ছোটো হলেও তাতে সবাই মিলেমিশে বসবাস করে। গ্রামের ছেলেমেয়েরা একসাথে খেলাধুলা করে এবং পাঠশালায় যায়। গাছপালা দিয়ে ঘেরা ছোটো গ্রামকে তাই সবাই ভালোবাসে।

প্রশ্ন ১ ॥ মিলেমিশে থাকা বলতে আমরা কী বুঝি?

নমুনা উত্তর : মিলেমিশে থাকা বলতে আমরা পরিবার ও সমাজের প্রত্যেকের সাথে সহযোগিতামূলক আচরণের মাধ্যমে একত্রে বসবাসকে বুঝি।

প্রশ্ন ২ ॥ সমাজের বড়ো ও ছোটোদের সাথে আমরা কী ধরনের আচরণ করব?

নমুনা উত্তর : সমাজের বড়োদের আমরা সম্মান করব ও তাদের আদেশ-নিষেধ মেনে চলব এবং ছোটোদের স্নেহ করব ও ভালোবাসব।

প্রশ্ন ৩ ॥ বিভিন্ন পেশার মানুষের সাথে আমরা কেমন আচরণ করব?

নমুনা উত্তর : আমরা সকল পেশার প্রতি সম্মান দেখাব এবং সকল পেশার মানুষের সাথে সম্মানজনক আচরণ করব। কোনো পেশাকেই ছোটো করে দেখব না এবং কোনো পেশার মানুষকে হেয় করে কোনো কথা বলব না।

দলগত কাজ সমাজের বয়সে বড়ো ও ছোটো শ্রমজীবী মানুষ, প্রতিবন্ধী মানুষ দরিদ্র মানুষ, ইত্যাদি সদস্যদের প্রতি কীভাবে শ্রদ্ধাশীল আচরণ প্রদর্শন করবে দলে বসে তা আলোচনা করে উপস্থাপন কর।

নমুনা উত্তর :

বয়সে বড়ো :

- মন থেকে শ্রদ্ধা করব।
- দেখা হলে সালাম দেব।
- তাদের কথার অবাধ্য হবো না।

বয়সে ছোটো :

- স্নেহ করব।
- বিভিন্ন প্রয়োজনে সাহায্য করব।
- অসুস্থ হলে ডাক্তারের কাছে নিয়ে যাব।

শ্রমজীবী মানুষ :

- মন থেকে শ্রদ্ধা করব।
- তাদেরকে উপযুক্ত পারিশ্রমিক প্রদান করব।
- বিপদে-আপদে পাশে দাঁড়াব।

প্রতিবন্ধী মানুষ :

- তাদের প্রতি সহানুভূতিশীল থাকব।
- রাস্তা পারাপারে সহায়তা করব।
- তাদের সাথে কখনো ঠাট্টা করব না।

দরিদ্র মানুষ :

- খাবার কিনে দেব।
- অসুস্থ হলে চিকিৎসার ব্যবস্থা করব।
- তাদের প্রতি সহানুভূতিশীল থাকব।

পাঠ ২ ছেলে মেয়ে সবাই সমান

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

একক কাজ ছবিগুলো দেখে ছবির বিষয়বস্তু লিখি





ছবির বিষয়বস্তু

ছবিগুলোতে ছেলেমেয়ে সবাই সমানভাবে বিভিন্ন কাজে অংশগ্রহণ করছে। তারা একসাথে খেলাধুলা করছে। ছেলেরা মায়ের ঘরের কাজে সাহায্য করছে। মেয়েরা বাবার কাজে সাহায্য করছে। ছেলেমেয়ে মিলে ঘর গোচাচ্ছে। অর্থাৎ ছেলেদের কাজ আর মেয়েদের কাজ আলাদা নেই। সবাই মিলেমিশে সব কাজ একত্রে করতে পারবে।

মূল্যায়ন নির্দেশনা অনুসরণে বিশেষ পাঠ

শোনা — শিক্ষকের নিকট শুনে লিখি

ক নিচের বাক্যগুলো শুনে সত্য/মিথ্যা নির্ণয় কর।

১। সমাজে নানা বয়সের মানুষ রয়েছে।
২। আমাদের সমাজে কিছু বিশেষ চাহিদাসম্পন্ন মানুষ রয়েছে।
৩। পরিবারে শুধু ছেলেরা বাস করে।
৪। সকলে একসাথে কাজ করলে দেশের উন্নতি হবে।
৫। আমরা বাবা-মাকে সাহায্য করব না।
৬। আমরা একে অন্যকে সহায়তা করব না।
৭। বিভিন্ন ধর্মীয় উৎসব ও অনুষ্ঠানে অংশগ্রহণ করব।
৮। বড়োদের সম্মান ও ছোটোদের স্নেহ করব।

উত্তরমালা : ১। সত্য; ২। সত্য; ৩। মিথ্যা; ৪। সত্য; ৫। মিথ্যা; ৬। মিথ্যা; ৭। সত্য; ৮। সত্য।

খ নিচের অসম্পূর্ণ বাক্যগুলো শুনে শূন্যস্থানের জন্য সঠিক শব্দটি নির্ণয় কর।

১। — আমাদের নিজের পরিবারের মতো আরও অনেক — মিলেমিশে বসবাস করে।
উত্তর : সমাজে, পরিবার।

২। সমাজে বসবাস করা পরিবারগুলো কিন্তু একই — নয়।
উত্তর : ধর্মের।

৩। সমাজে নারী-পুরুষ সদস্যরা নানা — নিয়োজিত।
উত্তর : পেশায়।

৪। আমাদের সমাজে কিছু — মানুষ রয়েছে।
উত্তর : বিশেষ চাহিদাসম্পন্ন।

৫। আমরা একে অন্যকে — করব।
উত্তর : সহায়তা।

৬। আমরা সকল — প্রতি সম্মান দেখাব।
উত্তর : পেশার।

সেরা প্রস্তুতির জন্য শিখে নিই

৭। আমরা বড়োদেরকে — এবং ছোটোদেরকে — করব।
উত্তর : সম্মান, আদর।

৮। পরিবারে ছেলেমেয়ে সকলের সমান — রয়েছে।
উত্তর : অধিকার।

৯। ছেলে ও মেয়ে সকলেরই সকল কাজ করার — রয়েছে।
উত্তর : যোগ্যতা।

১০। সকলে একসঙ্গে কাজ করলে পরিবার ও দেশের — হয়।
উত্তর : উন্নতি।

বলা — শিক্ষকের প্রশ্নের উত্তর বলি

ক নিচের প্রশ্নগুলোর উত্তর বলো।

প্রশ্ন ১। বাংলাদেশে বসবাসরত কয়েকটি ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর নাম লেখ।
উত্তর : বাংলাদেশে বসবাসরত কয়েকটি ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর মধ্যে উল্লেখযোগ্য হলো চাকমা, মারমা, ত্রিপুরা, গারো, সাঁওতাল প্রভৃতি।

প্রশ্ন ২। শারীরিক গড়ন বা অক্ষমতা নিয়ে কারও প্রতি আমরা কী করব না?
উত্তর : শারীরিক গড়ন বা অক্ষমতা নিয়ে কারও প্রতি আমরা কটূক্তি করব না।

প্রশ্ন ৩। বাসার কাজ ছেলেমেয়ে সকলে মিলে একসাথে করলে কী হয়?
উত্তর : বাসার কাজ ছেলেমেয়ে সকলে মিলে একসাথে করলে কাজ করা সহজ হয়।

প্রশ্ন ৪। ছেলেদের ও মেয়েদের কাজ বলে কী নেই?
উত্তর : ছেলেদের ও মেয়েদের কাজ বলে কোনো কথা নেই।

প্রশ্ন ৫। সকলে একসঙ্গে কাজ করলে কী হয়?
উত্তর : সকলে একসঙ্গে কাজ করলে পরিবার ও দেশের উন্নতি হয়।

পড়া — নিচের প্রশ্নগুলোর উত্তর দিই

ক নিচের প্রশ্নগুলো মনোযোগ সহকারে পড় এবং সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ।

১. সমাজে আমরা কোথায় বসবাস করি?
ক) পরিবারে খ) রাস্তায়
গ) মাঠে ঘ) বিদ্যালয়ে
উত্তর : (ক) পরিবারে।

২. আমাদের সমাজে অনেক পরিবার কীভাবে বসবাস করে?
ক) আলাদাভাবে খ) মিলেমিশে
গ) ছড়িয়ে ছিটিয়ে ঘ) বিশৃঙ্খলভাবে
উত্তর : (খ) মিলেমিশে।

৩. ছোটোদের সাথে আমাদের কেমন আচরণ করা উচিত?
ক) ঘৃণা করা খ) আদর করা
গ) এড়িয়ে চলা ঘ) রাগ দেখানো
উত্তর : (খ) আদর করা।

৪. পরিবারে ছেলে ও মেয়ে সবার অধিকার—
ক) ভিন্ন ভিন্ন খ) আলাদা
গ) বিচ্ছিন্ন ঘ) সমান
উত্তর : (ঘ) সমান।

৫. সকলে একসঙ্গে কাজ করলে পরিবার ও দেশের কী হয়?
ক) অবনতি খ) ধ্বংস
গ) উন্নতি ঘ) অসম্মান
উত্তর : (গ) উন্নতি।

৬. পরিবারে বাবা-মায়ের কাজে কী করা উচিত?
ক) অবহেলা খ) সাহায্য
গ) তুচ্ছ ঘ) অবজ্ঞা
উত্তর : (খ) সাহায্য।

খ নিচের প্রশ্নগুলো পড়ে সংক্ষেপে উত্তর দাও।

প্রশ্ন ১। পরিবারে ছেলে ও মেয়ে সকলের প্রতি আমাদের সমান সম্মান দেখানো উচিত কেন?

উত্তর : পরিবারে ছেলে ও মেয়ে সকলের সমান অধিকার আছে। ছেলে ও মেয়ে সকলেরই সকল কাজ করার যোগ্যতা রয়েছে। বাসায় ও বাইরের কাজের ক্ষেত্রেও ছেলে ও মেয়ে সকলেই সমান। ছেলেদের কাজ ও মেয়েদের কাজ বলে কোনো কথা নেই। সকলে মিলেমিশে একসাথে কাজ করলে পরিবার ও দেশের উন্নতি হয়। তাই পরিবারে ছেলে ও মেয়ে সকলের প্রতি আমাদের সমান সম্মান দেখানো উচিত।

প্রশ্ন ২। পরিবারের প্রতি আমাদের কর্তব্যগুলো কী কী?

উত্তর : আমরা পরিবারে বাবা-মা, দাদা-দাদি, ভাই-বোন, চাচা-চাচি সকলে মিলেমিশে বসবাস করি। পরিবারের সকলের প্রতি ও সকল কাজে আমাদের কিছু দায়িত্ব ও কর্তব্য আছে। পরিবারের সকল কাজে আমাদের সাহায্য করা উচিত। বাড়ির কাজে বাবা-মাকে সাহায্য করলে তাদের কষ্ট কম হয়। লেখাপড়ার পাশাপাশি ভাই-বোন একসাথে আনন্দের সাথে অন্য কাজগুলো করা উচিত। বয়স্ক সদস্যদের সাথে সময় দেওয়া ও তাদের প্রয়োজনগুলো পূরণে সাহায্য করা উচিত।

লেখা — নিচের প্রশ্নগুলোর উত্তর লিখি

ক বাম পাশের বাক্যাংশের সাথে ডান পাশের বাক্যাংশ মিল করে লেখ।

প্রশ্ন ১। বাম পাশের বাক্যাংশের সাথে ডান পাশের বাক্যাংশ মিল কর :

বাম পাশ	ডান পাশ
(ক) পরিবারে ছেলে ও মেয়ে	অধিকার রয়েছে।
(খ) সকলের সমান	সবাই বাস করে।
(গ) ছেলে মেয়ে সকলেই বাসায় ও	সম্মান দেখানো উচিত।
(ঘ) ছেলে মেয়ে সকলেরই	বাইরে কাজ করতে পারে।
(ঙ) সকলে একসঙ্গে কাজ করলে	কাজ করা সহজ নয়।
	সকল কাজ করার যোগ্যতা রয়েছে।
	পরিবার ও দেশের উন্নতি হয়।

উত্তরমালা :
(ক) পরিবারে ছেলে ও মেয়ে সবাই বাস করে।
(খ) সকলের সমান অধিকার রয়েছে।
(গ) ছেলে মেয়ে সকলেই বাসায় ও বাইরে কাজ করতে পারে।
(ঘ) ছেলে মেয়ে সকলেরই সকল কাজ করার যোগ্যতা রয়েছে।
(ঙ) সকলে একসঙ্গে কাজ করলে পরিবার ও দেশের উন্নতি হয়।

খ নিচের বর্ণনামূলক প্রশ্নগুলোর উত্তর লেখ।

প্রশ্ন ১। পেশা কাকে বলে? চারটি পেশার নাম ও কাজ লেখ।

উত্তর : মানুষ যে কাজের মাধ্যমে অর্থ উপার্জন করে তাকে পেশা বলে। চারটি পেশার নাম ও কাজ হলো—
১. কৃষক : যারা কৃষিকাজ করেন।
২. জেলে : যারা মাছ ধরেন।
৩. চিকিৎসক : যারা অসুস্থ মানুষকে চিকিৎসা প্রদান করেন।
৪. শিক্ষক : যিনি শিক্ষা প্রদান করেন।

প্রশ্ন ২। দুর্গাপূজা কোন ধর্মের ধর্মীয় উৎসব? এটি কোন ধরনের উৎসব? এরূপ উৎসবের রীতি সম্পর্কে চারটি বাক্য লেখ।

উত্তর : দুর্গাপূজা হিন্দুধর্মের ধর্মীয় উৎসব। এটি হিন্দুধর্মের প্রধান ধর্মীয় উৎসবগুলোর মধ্যে একটি।

এরূপ উৎসবের রীতি সম্পর্কে চারটি বাক্য হলো—
১. এরূপ ধর্মীয় উৎসবে হিন্দুরা মন্দিরে পূজা করেন।
২. সবাই সবার সাথে শুভেচ্ছা বিনিময় করেন।
৩. বিভিন্ন রকমের মিষ্টি, নাড়ু ও ফল খেয়ে থাকেন।
৪. শিশুরা নানা ধরনের খেলা ও আনন্দে মেতে ওঠে।

প্রশ্ন ৩। বৌদ্ধধর্মের প্রধান উৎসবের নাম কী? এ উৎসব পালন করা হয় কেন? এ উৎসবের রীতি সম্পর্কে চারটি বাক্য লেখ।

উত্তর : বৌদ্ধধর্মের প্রধান উৎসব বুদ্ধ পূর্ণিমা। গৌতম বুদ্ধের জন্মদিন উপলক্ষে এ উৎসব পালন করা হয়।

বুদ্ধ পূর্ণিমা উৎসবের রীতি সম্পর্কে চারটি বাক্য হলো—
১. এ উৎসবের সময় বৌদ্ধধর্মের অনুসারীগণ বিশেষ প্রার্থনা করেন।
২. এ উৎসব বৈশাখ মাসের পূর্ণিমা তিথিতে উদযাপিত হয়।
৩. শিশুরাও এ উৎসবে আনন্দের সাথে অংশগ্রহণ করে।
৪. এদিন ভক্তগণ ফুলের মালা দিয়ে মন্দিরে যান।

শিক্ষক/ অভিভাবক কর্তৃক মূল্যায়ন — নির্দেশনা ছকের আলোকে শিক্ষার্থীর অগ্রগতি যাচাই

মূল্যায়ন ক্ষেত্র	শিখনযোগ্যতা/ নির্দেশক	প্রারম্ভিক	ভালো	উত্তম
জ্ঞান	• সামাজিক ও পারিবারিক মূল্যবোধ সম্পর্কে বলতে পেরেছে			
	• সহযোগিতার মনোভাব ও অধিকারের সমতা সম্পর্কে বলতে পেরেছে			
দক্ষতা	• সুস্থ সামাজিক ও পারিবারিক জীবনযাপনের গুরুত্ব বর্ণনা করতে পেরেছে			
	• সকল মানুষের সমান অধিকার সম্পর্কে বর্ণনা করতে পেরেছে			
দৃষ্টিভঙ্গি	• সমাজের সকল স্তরের মানুষের প্রতি সম্মান, ও সহযোগিতার মনোভাব প্রকাশ করেছে			
	• পরিবার ও দেশের উন্নতিকল্পে সমান অধিকারের গুরুত্ব উপলব্ধি করেছে			
মূল্যবোধ	• শ্রেণিকক্ষের নিয়ম মেনে চলেছে			
	• অন্যের মতামত ধৈর্য সহকারে শুনেছে			

ধারাবাহিক/ শ্রেণিকক্ষভিত্তিক মূল্যায়ন — নিজেকে মূল্যায়ন করি

তারিখ : ☐☐☐ ধারাবাহিক মূল্যায়ন সময় : .....

শিক্ষার্থীর নাম : ..... শ্রেণি : ..... রোল নম্বর : ☐

১। পড়ি ও সম্প্রীতি রক্ষার উপায়সমূহের তালিকা তৈরি করি–

ক্রমিক নং	সম্প্রীতি রক্ষার উপায়
১.	বিভিন্ন অনুষ্ঠানে অংশগ্রহণ করে।

২। সত্য/মিথ্যা নির্ণয় কর :

(ক) সমাজে নানা বয়সের মানুষ রয়েছে।
(খ) আমাদের সমাজে কিছু বিশেষ চাহিদাসম্পন্ন মানুষ রয়েছে।
(গ) পরিবারে শুধু ছেলেরা বাস করে।
(ঘ) সকলে একসাথে কাজ করলে দেশের উন্নতি হবে।
(ঙ) আমরা বাবা-মাকে সাহায্য করব না।

৩। বাম পাশের বাক্যাংশের সাথে ডান পাশের বাক্যাংশ মিল কর :

বাম পাশ	ডান পাশ
(ক) পরিবারে ছেলে ও মেয়ে	অধিকার রয়েছে।
(খ) সকলের সমান	সবাই বাস করে।
(গ) ছেলে মেয়ে সকলেই বাসায় ও	সম্মান দেখানো উচিত।
(ঘ) ছেলে মেয়ে সকলেরই	বাইরে কাজ করতে পারে।
(ঙ) সকলে একসঙ্গে কাজ করলে	কাজ করা সহজ নয়।
	সকল কাজ করার যোগ্যতা রয়েছে।
	পরিবার ও দেশের উন্নতি হয়।

উত্তরমালা

১। ১৬ পৃষ্ঠার ১নং পাঠের জোড়ায় কাজ (গ) দ্রষ্টব্য।

২। (ক) সত্য; (খ) সত্য; (গ) মিথ্যা; (ঘ) সত্য; (ঙ) মিথ্যা।

৩। (ক) পরিবারে ছেলে ও মেয়ে সবাই বাস করে।
(খ) সকলের সমান অধিকার রয়েছে।
(গ) ছেলে মেয়ে সকলেই বাসায় ও বাইরে কাজ করতে পারে।
(ঘ) ছেলে মেয়ে সকলেরই সকল কাজ করার যোগ্যতা রয়েছে।
(ঙ) সকলে একসঙ্গে কাজ করলে পরিবার ও দেশের উন্নতি হয়।

মূল্যায়ন রিপোর্ট : শিখনের অর্জিত মাত্রা ☐